গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৮১/২০১৮-১৯
ঢাকা, মঙ্গলবার ২৩ অক্টোবর ২০১৮, ৮ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি বিনিয়োগ ও উন্নয়ন এবং নিরাপত্তাসংক্রান্ত দু'টি আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে সুইজারল্যান্ডের জেনেভা পৌঁছেছেন

২। সব ষড়যন্ত্র মোকাবিলা করে যথাসময়ে নির্বাচন : সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী

৩। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আরও একটি নতুন ইউনিট হবে : প্রধানমন্ত্রী

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলার সৌজন্য সাক্ষাৎ

৫। মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করতে হবে : বরিশাল সিটি মেয়রের শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৬। প্রত্যেক জেলা সদরে হবে শিশু আদালত : সংসদে শিশু (সংশোধন) বিল, ২০১৮ পাস

৭। জাতীয় সংসদে হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট বিল পাস

৮। গত অর্থবছরে রপ্তানি আয় ৪১ বিলিয়ন মার্কিন ডলার : বাণিজ্যমন্ত্রী

৯। প্রত্যেক উপজেলায় কারিগরি প্রশিক্ষণকেন্দ্র হবে : প্রবাসী কল্যাণমন্ত্রী

১০। সংবিধান অনুযায়ী যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে : বাণিজ্যমন্ত্রী

১১। যতই অবকাঠামো তৈরি হোক প্রয়োজন সড়কে শৃঙ্খলা : সড়কমন্ত্রী

১২। পদ্মাসেতু হলে কেরানীগঞ্জ বদলে যাবে : খাদ্যমন্ত্রী

১৩। বেসরকারি হাসপাতাল ক্লিনিককে স্বাস্থ্য পরীক্ষার মূল্যতালিকা নির্ধারণের নির্দেশ

১৪। তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন গ্রেফতার

১। রাষ্ট্রপতি বিনিয়োগ ও উন্নয়ন এবং নিরাপত্তাসংক্রান্ত দু'টি আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে সুইজারল্যান্ডের জেনেভা পৌঁছেছেন

বিনিয়োগ ও উন্নয়ন এবং নিরাপত্তাসংক্রান্ত দু'টি আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে পাঁচ দিনের সফরে সুইজারল্যান্ডের জেনেভায় পৌঁছেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (২২ অক্টোবর সোমবার) স্থানীয় সময় সন্ধ্যা পৌনে ৮টায় জেনেভা আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান রাষ্ট্রপতি। বিমানবন্দরে রাষ্ট্রপতিকে স্বাগত জানান সুইজারল্যান্ডে জাতিসংঘ দফতরে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মো. শামীম আহসান। এ সফরে জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়ন সংস্থার (আঙ্কটাড) বিশ্ব বিনিয়োগ সম্মেলন এবং ক্রানস মনটানা ফোরাম আয়োজিত 'হোমল্যান্ড এন্ড গ্লোবাল সিকিউরিটি ফোরাম' এর বিংশতম সম্মেলনে বক্তব্য দেবেন রাষ্ট্রপতি। 'টেকসই উন্নয়নে বিনিয়োগ' এ প্রতিপাদ্য সামনে রেখে ২২ থেকে ২৬ অক্টোবর জেনেভায় জাতিসংঘ দফতরে অনুষ্ঠেয় বিশ্ব বিনিয়োগ সম্মেলনে বাংলাদেশসহ কয়েকটি দেশের রাষ্ট্র ও সরকারপ্রধান, মন্ত্রী, বিনিয়োগকারী, সরকারি কর্মকর্তা, বেসরকারি প্রতিষ্ঠানের নির্বাহী এবং আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার প্রতিনিধিরা অংশ নেবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

২। সব ষড়যন্ত্র মোকাবিলা করে যথাসময়ে নির্বাচন : সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সব ষড়যন্ত্র মোকাবিলা করে যথাসময়ে আগামী (একাদশ জাতীয় সংসদ) নির্বাচন অনুষ্ঠিত হবে। তিনি বলেন, আমি বিশ্বাস করি বাংলাদেশে একটি সুষ্ঠু নির্বাচন হবে। জনগণের ওপর আস্থা ও বিশ্বাস আমার আছে। সব ষড়যন্ত্র মোকাবিলা করে যথাসময়ে সুষ্ঠু নির্বাচন করতে আমরা সক্ষম হবো। প্রধানমন্ত্রীর সদ্যসমাপ্ত সৌদি আরব সফর সম্পর্কে গণমাধ্যমকে জানাতে গতকাল (২২ অক্টোবর সোমবার) গণভবনে আয়োজিত সংবাদসম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আরও একটি নতুন ইউনিট হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অতিরিক্ত ৫ হাজার রোগীর চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আরেকটি ইউনিট করার পরিকল্পনা গ্রহণ করেছে সরকার। প্রধানমন্ত্রী গতকাল (২২ অক্টোবর সোমবার) তাঁর কার্যালয়ে সরকারি হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অ্যাম্বুলেন্স ও অন্যান্য যানবাহন বিতরণকালে এ কথা বলেন। প্রধানমন্ত্রী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৩৩টি অ্যাম্বুলেন্স, ১০টি ওয়াটার অ্যাম্বুলেন্স এবং ৯৮টি জিপ গাড়ির চাবি হস্তান্তর করেন। এছাড়া তিনি স্বাস্থ্য বিভাগের মাঠপর্যায়ের পরিসংখ্যানকারীদের জন্য ২০০ মোটরসাইকেলের চাবিও হস্তান্তর করেন। অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বক্তৃতা করেন এবং স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলার সৌজন্য সাক্ষাৎ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল (২২ অক্টোবর সোমবার) তাঁর কার্যালয়ে ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা সৌজন্য সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রীর প্রেস সেক্রেটারি ইহসানুল করিম বলেন, তাঁরা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এ সময় মুখ্যসচিব মো. নজিবুর রহমান ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসান উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬)।

৫। মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করতে হবে : বরিশাল সিটি মেয়রের শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নির্বাচিত জনপ্রতিনিধিদের শুধু নিজেদের ভাগ্যের পরিবর্তন নিয়ে ব্যস্ত থাকলেই চলবে না, জনগণের ভাগ্য পরিবর্তনের জন্য কাজ করে যেতে হবে। গতকাল (২২ অক্টোবর সোমবার) বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলরদের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিসিসি মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহকে প্রধানমন্ত্রী শপথবাক্য পাঠ করান। কাউন্সিলরদের শপথ পড়ান এলজিআরডি মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

৬। প্রত্যেক জেলা সদরে হবে শিশু আদালত : সংসদে শিশু (সংশোধন) বিল, ২০১৮ পাস

প্রত্যেক জেলা সদরে শিশু আদালত স্থাপনের বিধান করে সংসদে শিশু (সংশোধন) বিল, ২০১৮ পাস করা হয়েছে। গতকাল (২২ অক্টোবর সোমবার) দশম সংসদের ২৩তম (শেষ) অধিবেশনের দ্বিতীয় কার্যদিবসে সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

৭। জাতীয় সংসদে হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট বিল পাস

'হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন-২০১৮' বিল জাতীয় সংসদে পাস হয়েছে। গতকাল (২২ অক্টোবর সোমবার) বিলটি উপস্থাপন করেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। বর্তমানে হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট অর্ডিন্যান্স-১৯৭৭ অনুযায়ী হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট পরিচালিত হচ্ছে। উচ্চ আদালতের নির্দেশনা অনুযায়ী সামরিক সরকারের অধ্যাদেশগুলো আইনে পরিণত ও বাংলা ভার্সনে প্রণয়নের বাধ্যবাধকতা রয়েছে। এরই পরিপ্রেক্ষিতে সরকার ৩০ বছর আগের এ অধ্যাদেশটিকে আইনে পরিণত করার উদ্যোগ নেয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

৮। গত অর্থবছরে রপ্তানি আয় ৪১ বিলিয়ন মার্কিন ডলার : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ জানিয়েছেন, বাংলাদেশ গত (২০১৭-১৮) অর্থবছরে ২০২টি দেশে ৭৪৪টি পণ্য রপ্তানি করে ৪১ দশমিক ৭৮৭ বিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। গতকাল (২২ অক্টোবর সোমবার) দশম সংসদের ২৩তম (শেষ) অধিবেশনে এক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী এসব তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী জানান, ২০১৬-১৭ অর্থবছরে তৈরি পোশাক থেকে রপ্তানি আয়ের পরিমাণ ২৮ দশমিক ১৪৯ বিলিয়ন মার্কিন ডলার যা পূর্ববর্তী ২০১৫-১৬ অর্থবছরের তুলনায় ৫৫ দশমিক ১৮ মিলিয়ন মার্কিন ডলার বেশি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.১)।

৯। প্রত্যেক উপজেলায় কারিগরি প্রশিক্ষণকেন্দ্র হবে : প্রবাসী কল্যাণমন্ত্রী

দক্ষ জনশক্তি তৈরি করার লক্ষ্যে দেশের প্রতি উপজেলায় একটি করে কারিগরি প্রশিক্ষণকেন্দ্র নির্মাণের পরিকল্পনা সরকারের রয়েছে। গতকাল (২২ অক্টোবর সোমবার) সংসদে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি এসব কথা বলেন। প্রবাসী কল্যাণমন্ত্রী বলেন, জি-টু-জি প্লাস প্রক্রিয়ায় ২০১৭ সালে ৯৯ হাজার ৭৮৭ জন এবং ২০১৮ সালের জানুয়ারি থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত ১ লাখ ৪২ হাজার ৮০ জন কর্মী মালয়েশিয়ায় গেছেন। মন্ত্রী আরো বলেন, বিদেশে অদক্ষ কর্মীর তুলনায় দক্ষ কর্মীর বেতন ও চাহিদা বেশি। এ লক্ষ্যে সরকার অধিক হারে দক্ষ কর্মী তৈরির ওপর গুরুত্বারোপ করেছে। গত ৯ মাসে রেমিটেন্স এসেছে ১১ বিলিয়ন মার্কিন ডলার।

মন্ত্রী আরও জানান, বাংলাদেশ থেকে বিশ্বের ১৬৫টি দেশে কর্মী পাঠানো হচ্ছে। সম্প্রতি সৌদি আরবে অনুষ্ঠিত জয়েন্ট টেকনিক্যাল কমিটির বৈঠকে সৌদি আরবে নিরাপদ অভিবাসন ও অধিকহারে বাংলাদেশি কর্মী পাঠানোর বিষয়ে উভয়দেশ সম্মত হয়েছে বলে তিনি উল্লেখ করেন। সূত্র-**সংবাদ** (শেষপৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

১০। সংবিধান অনুযায়ী যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, কেউ না এলে নির্বাচন থেমে থাকবে না। সংবিধান অনুযায়ী যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে। আওয়ামী লীগ কোনো দলকে বাদ দিয়েই নির্বাচনে যেতে চায় না। কিন্তু কোনো দল নির্বাচনে অংশগ্রহণ করবে কি করবে না, সেটা সে দলের ব্যাপার। গতকাল (২২ অক্টোবর সোমবার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের সঙ্গে মতবিনিময় শেষে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

১১। যতই অবকাঠামো তৈরি হোক প্রয়োজন সড়কে শৃঙ্খলা : সড়কমন্ত্রী

সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, যতই আমরা অবকাঠামো তৈরি করি না কেন, সবার আগে সড়কের শৃঙ্খলা, পরিবহণে শৃঙ্খলা আনা, এ দু'টি বিষয় হলো সবচেয়ে জরুরি। শৃঙ্খলার জন্য আইন হয়, কিন্তু বাস্তবায়ন হয় না। আমরা অসাধারণ লোকেরা যদি আইন না মানি, তাহলে সাধারণ লোক আইন কিভাবে মানবে। তাই রাজনীতিবিদরা সচেতন হলে সড়কে শৃঙ্খলা ফিরে আসবে বলে জানান তিনি। গতকাল (২২ অক্টোবর সোমবার) ঢাকার ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউটে নিরাপদ সড়ক দিবসের এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **সমকাল** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৭)।

১২। পদ্মাসেতু হলে কেরানীগঞ্জ বদলে যাবে : খাদ্যমন্ত্রী

খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম বলেছেন, কেরানীগঞ্জে ১২০ কোটি টাকার কাজ চলমান রয়েছে। এখানে একটি উচ্চ বিদ্যালয় ও একটি কলেজকে সরকারিকরণ করা হয়েছে। হতদরিদ্র শিক্ষার্থীদের সবধরনের সহযোগিতা দিয়েছে বর্তমান সরকার। এখানকার কয়েকটি স্কুলে মিডডে মিল চালু করা হয়েছে। কেরানীগঞ্জে শিক্ষার হার আগের তুলনায় বেড়েছে। স্কুল, কলেজ, রাস্তাঘাট, মসজিদ, মাদ্রাসা ও মন্দিরে ব্যাপক উন্নয়ন হয়েছে। পদ্মাসেতু চালু হলে কেরানীগঞ্জের দৃশ্যপট বদলে যাবে। গতকাল (২২ অক্টোবর সোমবার) কেরানীগঞ্জের কলাতিয়া বাজার রোডে এক আলোচনাসভায় খাদ্যমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। বর্তমান সরকার খাদ্যবান্ধব হিসেবে মানুষের জন্য কাজ করছে। সামাজিক নিরাপত্তাবলয় সৃষ্টি করছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫)।

১৩। বেসরকারি হাসপাতাল ক্লিনিককে স্বাস্থ্য পরীক্ষার মূল্যতালিকা নির্ধারণের নির্দেশ

আগামী দুই মাসের মধ্যে দেশের সব বেসরকারি ক্লিনিক, হাসপাতাল, ল্যাবরেটরি ও ডায়াগনস্টিক সেন্টারে স্বাস্থ্য পরীক্ষার মূল্যতালিকা নির্ধারণ করতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় গঠিত ৫ সদস্যবিশিষ্ট কমিটিকে আদালতের নির্দেশনা বাস্তবায়ন করতে বলা হয়েছে। একইসঙ্গে মামলার পরবর্তী শুনানির জন্য আগামী ৯ জানুয়ারি দিন নির্ধারণ করা হয়েছে। গতকাল (২২ অক্টোবর সোমবার) বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮)।

১৪। তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন গ্রেফতার

নারীর বিরুদ্ধে অবমাননাকর উক্তির প্রতিবাদে দায়েরকৃত মানহানি মামলায় অবশেষে গ্রেফতার হয়েছেন ব্যারিস্টার মইনুল হোসেন। গতকাল (২২ অক্টোবর সোমবার) রাত ১০টার দিকে রাজধানীর উত্তরায় জাতীয় ঐক্যফ্রন্টের নেতা জেএসডি সভাপতি আ স ম আব্দুর রবের বাসা থেকে তাকে গ্রেফতার করা হয়। রাতেই তাকে ডিবি কার্যালয়ে নেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৩)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশে শিশু-কিশোরদের মধ্যে মানসিক রোগের প্রকোপ ব্যাপকভাবে বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশু-কিশোরদের মানসিক সমস্যার সমাধানে জরুরিভিত্তিতে উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করার সুপারিশ।

খ. **সংবাদ** : দেশে কৃষিজমির পরিমাণ আশঙ্কাজনক হারে কমে যাওয়ায় ফসল উৎপাদনে নেতিবাচক প্রভাব পড়ায় ভূমি ব্যবস্থাপনায় কঠোর হওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** বিদেশে কর্মরত প্রবাসী শ্রমিকদের মর্মান্তিক মৃত্যুর পর প্রাপ্ত দেনা-পাওনার হিসাব ও ক্ষতিপূরণে ভোগান্তির বিষয় তুলে ধরে প্রবাসীদের জন্য বিমা কোম্পানি চালু করার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** গ্রাহক অর্থায়নে গ্যাস বিতরণের বিষয়ে শিল্পপ্রতিষ্ঠানের স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব, বণিক বার্তা** : চালক-মালিক-শ্রমিক, যাত্রী ও পথচারীর সচেতনতাসহ পুলিশের দায়িত্বশীলতাই সড়ক দুর্ঘটনা ও প্রাণহানির সংখ্যা কমাতে পারে বলে প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের ইন্ডাস্ট্রির ৫০৩৯ বয়লারের জন্য মাত্র ৮ জন ইন্সপেক্টর থাকায় জরুরিভিত্তিতে নতুন বয়লার ইন্সপেক্টর নিয়োগ দেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান** : দেশে রেলওয়েতে প্রতিদিন ৮টি দুর্ঘটনা ঘটার পিছনে অসচেতনতা অনেকাংশে দায়ী হওয়ায় জনগণের মধ্যে ব্যাপক সচেতনতা গড়ে তোলার আহ্বান।

জ. **এশিয়ান এজ** : ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধনের বিষয়ে তথ্যমন্ত্রীর অভিমত তুলে ধরে এ বিষয়ে পুনর্বিবেচনা করার প্রত্যাশা।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : পরিবেশ দূষণ সৃষ্টিকারী শিল্প কারখানার বিষয়ে ব্যবস্থা গ্রহণসহ গ্রিন ইন্ডাস্ট্রি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে, স্বাস্থ্যসেবায় কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে বাংলাদেশের অর্জন যুগান্তকারী বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'তবু মাদক অনিয়ন্ত্রিতই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মাদক সমস্যার সমাধানে সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক সব ধরনের ব্যবস্থাই নেওয়া দরকার।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা